**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 7/18/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল পরিবারসমূহকে সমর্থন করতে এবং শিশু নির্যাতন ও উত্পীড়ন প্রতিরোধ করতে পারিবারিক সুযোগ কেন্দ্রসমূহের অর্থায়নে 12 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেট 28 ফেব্রুয়ারি, 2026 তারিখের মধ্যে মোট 12 মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদান করবে, পারিবারিক সুযোগ কেন্দ্রসমূহের (Family Opportunity Centers, FOC) অর্থায়ন করার জন্য, এগুলি সম্প্রদায়ভিত্তিক বা স্কুলভিত্তিক কর্মসূচি যা পরিবারকে শক্তিশালী করা এবং শিশু ও পরিবারের নিরাপত্তা ও সুস্থতা উন্নত করার সেবা প্রদান করে।

"পরিবারসমূহের এমন সম্প্রদায়ভিত্তিক সেবার চাহিদা রয়েছে যা পিতামাতা বা কেয়ারগিভারদেরকে স্বাস্থ্যবান ও হাসিখুশি শিশু লালনপালন করতে সমর্থন করে এবং সম্পূর্ণ পরিবারের সুস্থতাকে বিঘ্নিত করতে পারে এমন চাপ হ্রাস করে," **গভর্নর হোকল বলেন।** "আমি পারিবারিক সুযোগ কেন্দ্রসমূহের অর্থায়ন করতে পেরে গর্বিত, এগুলি প্রমাণিত কর্মসূচি যা নিউ ইয়র্ক স্টেটজুড়ে বৈচিত্র্যময় পরিবারসমূহকে সমর্থন করে, এবং আমি পরিবারের সমর্থনে এবং শিশু নির্যাতন ও অবহেলা হ্রাস করতে, পারিবারিক স্থিতিশীলতা জোরদার করতে এবং শিশুর বিকাশ উন্নত করতে বাস্তব পদক্ষেপ গ্রহণ করতে থাকবো।"

"একজন বাবা হিসেবে এটি আমার জন্য হৃদয়বিদারক যে নিউ ইয়র্কে আমাদের মধ্যে এমন শিশু আছে যারা শিশু নির্যাতন ও উৎপীড়নের শিকার হচ্ছে," **লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো বলেন।** "পরিবারসমূহের জন্য নির্যাতন প্রতিরোধে সাহায্য করবে এবং আমাদেরকে হাসিখুশি, স্বাস্থ্যবান শিশু লালনপালনে একটি সম্প্রদায় হিসেবে একত্রে কাজ করতে সাহায্য করবে এমন সংস্থান উপলভ্য করার মাধ্যমে আমাদের শিশুদের নিরাপত্তা নিশ্চিত করা আমাদের উপর আরোপিত দায়িত্ব।"

উদ্যোগটি নিউ ইয়র্ক স্টেট শিশু ও পরিবার পরিষেবা অফিস (New York State Office of Children and Family Services) এবং স্টেটের শিক্ষা ডিপার্টমেন্টের (State Education Department, SED) মধ্যে একটি সহযোগ। OCFS এই অনুদানগুলির পরিচালনা করবে, যা স্টেটের তহবিল এবং আমেরিকান উদ্ধার পরিকল্পনার (American Rescue Plan) মধ্যে অন্তর্ভুক্ত ফেডারেল সম্প্রদায়ভিত্তিক শিশু নির্যাতন প্রতিরোধ কর্মসূচির (Community-Based Child Abuse Prevention, CBCAP) মাধ্যমে উপলভ্য করা হয়েছে। OCFS এবং SED-র এজেন্সি

দুইটির সমমনা লক্ষ্যের প্রতিফলন করে যা হলো পরিবারসমূহকে আরো শক্তিশালী করা এবং পরিষেবার সমন্বয় আরো উন্নত করতে বাঁধা অপসারণ করা। FOCগুলি হলো পারিবারিক সংস্থান কেন্দ্র মডেলের (Family Resource Center model, FRC) উন্নত সংস্করণ, যা নকশা করা হয়েছে পরিবারসমূহকে জোরদার করতে, তাদের সুরক্ষাকারী ব্যবস্থা বৃদ্ধি করতে, পিতামাতা ও সন্তানদের মানসিক স্বাস্থ্য সমর্থন করতে, উন্নত শিক্ষাগত ফলাফল সমর্থন করতে এবং শিশুদের সুস্থতা উন্নত করার জন্য। FOC কর্মসূচিগুলি ব্যাপক ব্যাপ্তির প্রতিরোধ সেবা প্রদান করবে যার মধ্যে থাকবে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক পিতামাতার দায়িত্ব, সামাজিক সংযোগ গঠন করা, স্কুলে শিশুদের সফলতা বৃদ্ধি করা, পারিবারিক বাস্তব চাহিদা পূরণ করা এবং প্রয়োজন হলে মানসিক স্বাস্থ্য এবং/অথবা মাদক ব্যবহার সংক্রান্ত ব্যাধির সেবার প্রতিবন্ধকতা অপসারণ করা। পরিবারসমূহ সহজে যাওয়া যাবে এবং স্বাগত জানাবে এমন অবস্থানে নিজেদের সম্প্রদায়ের মধ্যেই এই সেবাসমূহ লাভের সুযোগ পাবে।

অনুদান তহবিলটি প্রাথমিক প্রতিরোধ সেবা বাস্তবায়ন করার জন্য এবং সম্প্রদায়ভিত্তিক ও স্কুলভিত্তিক কর্মসূচিকে সমর্থন করার জন্য নকশা করা হয়েছে যাতে স্কুল এবং পরিবারের সমর্থনের সংস্থান বৃদ্ধি করা যায় এবং শিশু নির্যাতন/উৎপীড়নের ঝুঁকি কমায় এমন সুরক্ষাকারী ব্যবস্থা বৃদ্ধি করা যায় এবং শিক্ষার্থীদের জন্য শিক্ষাগত ফলাফল উন্নত করা যায়।

**শিশু ও পরিবার পরিষেবা অফিসের কমিশনার শীলা জে. পুল বলেন,** "গবেষণায় দেখা গেছে যে কোনও সম্প্রদায়ে পারিবারিক সংস্থান কেন্দ্রের উপস্থিতি শিশু নির্যাতন ও অবহেলার ঘটনা 45 শতাংশ হ্রাস করে দেয়। এছাড়াও প্রতিরোধে বিনিয়োগ করা পরবর্তীতে নির্যাতন ও উৎপীড়নের ফলে সৃষ্ট আরো ব্যয়বহুল ইন্টারভেনশন সেবার প্রয়োজন হ্রাস করতে পারে। যেহেতু বিরূপ শৈশবের অভিজ্ঞতার সংখ্যা বৃদ্ধি পাচ্ছে, তাই বহু সংখ্যক দীর্ঘমেয়াদি স্বাস্থ্য সমস্যার ঝুঁকিও উল্লেখযোগ্য পরিমাণ বাড়ছে। আমরা এইসব পারিবারিক সুযোগ কেন্দ্র প্রদান করতে পেরে আনন্দিত।"

**স্টেটের শিক্ষা কমিশনার বেটি এ. রোজা বলেন,** "আমরা কীভাবে পারিবারিক সমর্থন সেবাদান করবো তা পুনরায় ভেবে দেখার এবং এমন একটি সার্বিক ও সহযোগিতাপূর্ণ উপায়ে তা করা যাতে সম্পূর্ণ  শিশু, সম্পূর্ণ পরিবার ও সম্পূর্ণ সম্প্রদায়কে সেবাদান করা যায় তার সময় এসেছে। একত্রে কাজ করে, আমাদের এজেন্সিসমূহ সংযুক্ত সাড়াদানের একটি সুযোগ তৈরি করবে যা কার্যকর এবং সাংস্কৃতিকভাবে কর্মদক্ষ হবে, এবং সকলের জন্য স্বাগত স্থান প্রদান করবে।"

SED তহবিলের উপযুক্ত আবেদকদেরকে অবশ্যই 2019-20 সালের স্টেটের গড়ের বেশি অর্থনৈতিকভাবে সুবিধাবঞ্চিত শিক্ষার্থীর হারসহ নিউ ইয়র্ক স্টেটের সরকারি স্কুল জেলা হতে হবে যাদের প্রস্তাবনা হবে মিডল এবং জুনিয়র হাই স্কুলের শিক্ষার্থী এবং নেতাদের পরিবারকে সেবাদান করা। OCFS CBCAP তহবিলের জন্য উপযুক্ত আবেদকদেরকে অবশ্যই সম্প্রদায়ভিত্তিক, বিশ্বাসভিত্তিক বা স্কুলভিত্তিক সংগঠন হতে হবে যেগুলি অলাভজনক সংগঠন এবং/অথবা সরকারি এজেন্সি যারা নিচের এক বা একাধিক কাউন্টিকে সেবাদান করার প্রস্তাবনা দিচ্ছে: অ্যালবানি, অ্যালেগানি, ব্রুম, ক্যাটারাগাস, ক্যাইয়ুগা, শাটোকুয়া, শেমাং, শেনাঙ্গ, ক্লিন্টন, কলাম্বিয়া, কোর্টল্যান্ড, ডেলাওয়্যার, ডাচেস, ইরি, এসেক্স, ফ্র্যাঙ্কলিন, ফুলটন, জেনেসি, গ্রিন,

হ্যামিলটন, হারকাইমার, জেফারসন, লুইস, লিভিংস্টোন, ম্যাডিসন, মনরো, মন্টগোমারি, নাসাউ, নায়াগ্রা, ওনিডা, ওনন্ডাগা, অন্টারিও, অরেঞ্জ, অর্লিন্স, ওসওয়েগো, ওটসেগো, পাটনাম, রেনসেলার, রকল্যান্ড, সারাটোগা, স্কেনেকট্যাডি, স্কোহারি, স্কুইলার, সেনেকা, সেইন্ট লরেন্স, স্টুবেন, সাফোক, সালিভান, টিওগা, টম্পকিনস, আলস্টার, ওয়ারেন, ওয়াশিংটন, ওয়েইন, ওয়েস্টচেস্টার, ওয়াইয়োমিং এবং ইয়েটস।

অনুগ্রহ করে আরো তথ্য এবং জমাদানের অবশ্যিকতার জন্য OCFS অর্থায়নের সুযোগ ওয়েবসাইটটি (Funding Opportunities Website) দেখুন। আবেদন অবশ্যই NYS অনুদান গেটওয়েতে (NYS Grants Gateway) জমা দিতে হবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন